

**নির্দেশনামেনে**

**নোটবই**

**প্রকাশ করলে**

**শান্তি : জাফর**

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী জনাব কাজী জাফর আহমদ বলেছেন, শিক্ষার ব্যয়ভার কমিয়ে শিক্ষাকে জনগণের কাছে নিয়ে যেতে চাই। কিন্ডারগার্টেন ও বহুল ব্যয়সম্পন্ন শিক্ষাকে ইঙ্গিত করে তিনি বলেন, দেশে একই সাথে দু'ধরনের শিক্ষাব্যবস্থা চলতে পারে না।

কাজী জাফর গতকাল শুকুবাব বিকেলে ঘোড়াশালের পলাশ ইউনিয়নে এক জনসভার প্রধান অতিথির ভাষণে একথা বলেন। ঘোড়াশাল ইউপিপি শাখা জনসভার আয়োজন করে। জনাব নূর মোহাম্মদ ভাইয়া এতে সভাপতিত্ব করেন।

শিক্ষামন্ত্রী বলেন, দেশের বিরাট জনগোষ্ঠীকে অজ্ঞানতার অভিধাপ থেকে মুক্তি দেবার জন্য সকল মানুষকে ব্যাপক কর্মসূচিদায়ক গৃহণ করতে হবে। তিনি এ প্রসঙ্গে সম্প্রতি কলম্বোতে অনুষ্ঠিত এশীয় দেশসমূহের শিক্ষামন্ত্রী সম্মেলনের অভিজ্ঞতা বর্ণনা করে বলেন, শিক্ষিতের হার অনুযায়ী বাংলাদেশ এশীয় সব দেশ থেকেই পিছিয়ে আছে।

জনাব কাজী জাফর বলেন, শিক্ষার ক্ষেত্রে কোন দূর্নীতি বরদাশত করা হবে না। শিক্ষার নামে অস্ত্রের খন-খনানী চলবে না।

**নোট বই**

নোট বই প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, সরকারী নির্দেশের পরও যারা নোট (শেষের পৃঃ ২-এর কঃ দঃ)

**জাফর**

(১-এর পর: পর)

বই প্রকাশ করবে তাদের কঠোর হাতে দমন করা হবে। তিনি বলেন, প্রাই-মারী পর্যায়ে পাঠ্য বইয়ের নাম কমানো হচ্ছে। এখন বাধ্যতামূলক নোট বইসহ তৃতীয় শ্রেণীর পাঠ্যবই ৬০ টাকার বদলে জনগণ ১৪ টাকা ২০ পয়সায় কিনতে পারবেন।

শিক্ষা কমিশন রিপোর্ট সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, অতীতে বই রিপোর্ট তৈরি হয়েছে, কিন্তু কখনো বাস্তবায়িত হয়নি। তিনি বলেন, আমরা জাতীয় শিক্ষা উপদেষ্টা কমিটি গঠন করেছি। তারা অন্তর্বর্তী-কালীন সংক্ষিপ্ত শিক্ষা রিপোর্ট প্রণয়ন করবেন এবং তা বাস্তবায়িত হবে।

শিক্ষামন্ত্রী জনাব কাজী জাফর আহমদ আরো বলেন, এই মুহূর্তের রাজনীতি হচ্ছে জাতীয়তাবাদী ফ্রন্টের রাজনীতি। তিনি বলেন, জনগণ ওরা জুনের নির্বাচনে ভোট দিয়েছে ফ্রন্টের প্রার্থীকে, ফ্রন্টের কর্মসূচীকে, আদর্শকে। তিনি গতামে গতামে জাতীয়তাবাদী ফ্রন্টের শাখা গঠন করার ওপর গুরুত্ব আরোপ করেন।

জনসভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ইউনিয়নের চেয়ারম্যান জনাব নূরুল ইসলাম, বাংলা শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক জনাব মোস্তফা জামাল হায়দার।